



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইফাটন পার্ভেন রোড,
রমনা, ঢাকা-১০০০।

স্ব-প্রণোদিত মামলা নং- ৪০/২০২২

মামলার বিষয় : পারস্পরিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ডিমের মূল্য বৃদ্ধি।

প্রতিপক্ষ : ব্যবস্থাপনা পরিচালক
পিপলস পোস্টিভ এন্ড হ্যাচারি লিমিটেড
৩, ভাঙ্গউদ্দিন রোড, মগবাজার, ঢাকা-১২১৭

চূড়ান্ত আদেশ প্রদানের তারিখ : ২৪/০২/২০২৫

কমিশন : (১) জনাব এ এইচ এম আহসান, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(২) জনাব ওয়াজ্জিদ হাসান শাহ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(৩) জনাব ড. আফরোজা বিলকিস, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

উপস্থিত :

প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী

- (১) বিজ্ঞ কৌশলী জনাব বিশ্বজিৎ দেব;
- (২) বিজ্ঞ কৌশলী জনাব গাজী মো: মাহবুব আলম;
- (৩) বিজ্ঞ কৌশলী জনাব নাহিদ হোসেন;
- (৪) বিজ্ঞ কৌশলী জনাব মেহরিন হাসান;
- (৫) বিজ্ঞ কৌশলী জনাব এস. এম. শিহাবউদ্দীন।

প্রতিপক্ষের পক্ষে মনোনীত প্রতিনিধি

কে এম সাইদুর রহমান সাদ্দ, সিনিয়র ডেপুটি ম্যানেজার

স্ব-প্রণোদিত মামলা নং- ৪০/২০২২

পৃষ্ঠা- ১/১১

W.H.S.

আদেশ


২২। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে প্রতিপক্ষ প্রতিষ্ঠান পিপলস পোল্ট্রি এন্ড হ্যাচারি লিমিটেড সমধর্মীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত হয়ে পরোক্ষভাবে ০৫/০৮/২০২২ হতে ২০/০৮/২০২২ সময়কালে তাদের উৎপাদিত ডিমের বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করেছে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ডিমের সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করেছে যা প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (১), ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হওয়ায় একটি শাস্তিযোগ্য অপরাধ।


শাস্তির পরিমাণ নির্ধারণ


- ২৩। পিপলস পোল্ট্রি এন্ড হ্যাচারি লিমিটেড এর পক্ষ হতে ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে যথাক্রমে টা: ৩৯,৮০,১৫,৭৪৯; টা: ৫০,৪৪,৩১,৭৫০ এবং টা: ৫৩,৮১,৪৭,০৮২ বার্ষিক টার্নওভার প্রদর্শন করা হয়েছে। উক্ত ০৩ বছরের বার্ষিক টার্নওভারের গড় দাঁড়ায় টা: ৪৮,০১,৯৮,১৯৪। ২০১৯-'২০, ২০২০-'২১ এবং ২০২১-'২২ অর্থবছরের গড় টার্নওভারকেই শাস্তির সর্বোচ্চ সীমা হিসাবে পরিমাণ নির্ণয়ের জন্য বিবেচনা করা হলো।
- ২৪। প্রতিপক্ষ প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রতিযোগিতা কমিশনে এটিই প্রথম মামলা। তাই সকল বিষয় বিবেচনায় নিয়ে পিপলস পোল্ট্রি এন্ড হ্যাচারি লিমিটেড, ৩, তাজউদ্দিন রোড, মগবাজার, ঢাকা কে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক নিম্নবর্ণিত নির্দেশনাসহ ৭২,০২,৯৭৩ (বাহাত্তর লক্ষ দুই হাজার নয়শত তিহাত্তর) টাকা প্রশাসনিক অর্থদণ্ডে দণ্ডিত করা হলো।

নির্দেশনাসমূহ :

“রায় ঘোষণার পরবর্তী ৩০ কার্যদিবসের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সংশ্লিষ্ট খাতে উক্ত অর্থ জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ (গ) মোতাবেক প্রতিদিনের ব্যর্থতার জন্য অনধিক ০১ (এক) লক্ষ টাকা হিসাবে জরিমানা যোগ হবে।”


ড. আফরোজা বিলকিস
সদস্য


ওয়াজিদ হাসান শাহ
সদস্য


এ এইচ এম আহসান
চেয়ারপার্সন